# Times Today BD

মীর খায়রুল আলম | খুলনা | 23 April, 2025

ভ্রাম্যমাণ আদালতে কালের কণ্ঠের তালা উপজেলা প্রতিনিধি রোকনুজ্জামান টিপুর কারাদন্ডাদেশের প্রতিবাদে সাতক্ষীরায় সাংবাদিক সমাজের উদ্যোগে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। বুধবার  সকাল ১১টায় সাতক্ষীরা প্রেসক্লাবের সামনে অনুষ্ঠিত মানববন্ধন কর্মসূচিতে সভাপতিত্ব করেন, প্রথম আলোর নিজস্ব প্রতিবেদক কল্যাণ ব্যানার্জি।এতে বক্তব্য রাখেন,  চ্যানেল আইয়ের সাতক্ষীরা  প্রতিনিধি আবুল কালাম আজাদ, সময় টিভির প্রতিনিধি মমতাজ আহমেদ বাপী, আর টিভির প্রতিনিধি রামকৃষ্ণ চক্রবর্তী, বাসস ও বাংলাভিশন টিভির প্রতিনিধি আসাদুজ্জামান, মানবাধিকার কর্মী মাধব চন্দ্র দত্ত প্রমুখ।

এসময় বক্তরা বলেন, সরকারী নির্মান কাজে অনিয়মের অনুসন্ধান করতে গিয়ে কালের কণ্ঠের তালা উপজেলা প্রতিনিধি রোকনুজ্জামান টিপুকে এলজিইডির উপ-সহকারী প্রকৌশলী ও ঠিকাদারি প্রতিষ্ঠানের শ্রমিকরা লাঞ্ছিত করে। কিন্তু তালা উপজেলা নিবার্হী কর্মকর্তা শেখ মোহাম্মদ রাসেল এক পক্ষের অভিযোগ শুনে সাংবাদিক টিপুকে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে ১০ দিনের কারাদন্ডাদেশ প্রদান করেন।এটা রায় সম্পূর্ন  বানোয়াট।

তারা আরো বলেন,  অবিলম্বে ভ্রাম্যমাণ আদালতের দন্ড প্রত্যাহার ওই সাংবাদিকে নিঃস্বার্থ মুক্তি দিতে হবে। একই সাথে ও উপজেলা নিবার্হী কর্মকর্তার অপসারণ এবং সহকারী প্রকৌশলী মামুনের অপসারণ দাবি  জানান তারা।

সাংবাদিক কারাদন্ড মানববন্ধন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 16:28

URL: https://timestodaybd.com/khulna/1341270644